

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২৯-০১-২০১৭ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্য এবং আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন ও আইসিটি সমন্বয় সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল, বাপাউবোর ভিডিও কনফারেন্সিং সিস্টেম, অনলাইন রিক্যুটমেন্ট সিস্টেম ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারণাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

৩। সিদ্ধান্তসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ বাস্তবায়ন অগ্রগতি
০১	আগামী সভায় আইসিটি নীতিমালা ২০১৫ এর উপর বিস্তারিত আলোচনা করা হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে।	নিয়মিত প্রেরণ করা হয়
০২	গত ০৩ ও ০৪ জানুয়ারী নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালায় ৪টি গ্রুপ থেকে ০৪টি উদ্ভাবন ধারণা পাওয়া যায়। ০৪টি ধারণা সভায় পর্যালোচনা করা হয়। “সেচের সময়সূচী ব্যবস্থাপনা এর উন্নয়ন” ধারণাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাপাউবোতে প্রেরণ করতে হবে।	বাপাউবো বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।
০৩	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আগামী মার্চ ২০১৭ তারিখের মধ্যে প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে।	বাপাউবো ব্যবস্থা গ্রহণ করবে।
০৪	দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।	অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি

০৫	দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। আগামী ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে প্রতিটি জোনে ইউনিকোড এর উপর প্রশিক্ষণ সম্পন্ন করবে।	প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো।
০৬	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
০৭	বাপাউবো অনলাইন রিকোর্টমেন্টের যে সফটওয়্যারটি ডেভেলপ করছে সেখানে পাসম এর জন্য একটি মডিউল রাখা যেতে পারে।	দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে।
০৮	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিডিও কনফারেন্সিং সিস্টেমের সঙ্গে সংযুক্ত নষ্ট রাউটারটি পরিবর্তন করা হয়েছে। কিন্তু সংযোগ ক্যাবলের ত্রুটির কারণে সচল করা সম্ভব হয়নি। এ ব্যাপারে বাপাউবো বিসিসিকে পুনরায় পত্র প্রদান করবে।	বিসিসি কে পুনরায় পত্র দেওয়া যেতে পারে।
০৯	সকল সংস্থা Online Attendance System প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	বাপাইবো কয়েকটি জোনে সম্পন্ন করেছে, অন্যান্য সংস্থা দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে।
১০	সকল সংস্থার আইসিটি সংক্রান্ত প্রস্তাবিত বাজেট না কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন।	যুগ্মসচিব (বাজেট ও অডিট)
১১	নাগরিক সেবার তালিকা থেকে একটি করে সেবা সহজীকরণ করতে হবে এবং একটি করে অনলাইন সেবা চালু করতে হবে।	সকল সংস্থা
১২	আইসিটি জনবল বৃদ্ধির জন্য পদক্ষেপ নেওয়া যেতে পারে।	সকল সংস্থা
১৩	বাপাউবো এর প্রকল্পের KPI মনিটরিং এর নিমিত্তে MIS সফটওয়্যার উন্নয়নের অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০১৭ এর মধ্যে প্রেরণ করবে।	বাপাউবো

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০১/০২/২০১৭
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার